

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ রাসূলুল্লাহ (ﷺ) বিষয়ক জাল হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১০. রাসূলুল্লাহকে 🌿 আল্লাহর নূর, আবূ বকরকে তাঁর নূর... থেকে সৃষ্টি

إِنَّ اللهَ خَلَقَنِيْ مِنْ نُورِهِ وخَلَقَ أَبا بَكْرٍ مِنْ نُوْرِيْ وَخَلَقَ عُمَرَ مِنْ نُوْرِ أَبِيْ بَكْرٍ وَخَلَقَ الْمُؤْمِنِيْن كُلَّهُمْ مِنْ نُوْرِ عُمَرَ غَيْرَ النَّبِيِّيْنَ وَالْمُرْسَلِيْنَ

"আল্লাহ আমাকে তাঁর নূর থেকে সৃষ্টি করেছেন, আবূ বাক্রকে আমার নূর থেকে, উমারকে আবূ বাকরের নূর থেকে এবং নবী-রাসূল ব্যতীত মুমিনগণের সকলকেই উমারের নূর থেকে সৃষ্টি করেছেন।"

এ অর্থে আরেকটি ভিত্তিহীন কথা:

إِنَّ اللهَ خَلَقَنِيْ مِنْ نُوْرٍ وَخَلَقَ أَبَا بَكْرٍ مِنْ نُوْرِيْ وَخَلَقَ عُمَرَ وَعَائِشَةَ مِنْ نُوْرِ أَبِيْ بَكْرٍ وَخَلَقَ الْمُؤْمِنِيْنَ مِنْ أُمَّتِيْ مِنْ نُوْرِ عُمَرَ وَخَلَقَ الْمُؤْمِنَاتِ مِنْ أُمَّتِيْ مِنْ نُوْرِ عَائِشَةَ

"আল্লাহ আমাকে তাঁর নূর থেকে সৃষ্টি করেছেন, আবূ বাক্রকে আমার নূর থেকে সৃষ্টি করেছেন, উমার ও আয়েশাকে আবূ বাকরের নূর থেকে সৃষ্টি করেছেন আর আমার উম্মাতের মুমিন পুরুষগণকে উমারের নূর থেকে এবং মুমিন নারীগণকে আয়েশার নূর থেকে সৃষ্টি করেছেন।"

ফুটনোট

- [1] যাহাবী, মীযানুল ই'তিদাল ১/৩১৪; ইবনু হাজার, লিসানুল মীযান ১/৩২৮; সুয়ূতী, যাইলুল লাআলী, পৃ. ৫০; ইবন আর্রাক, তান্যীহ ১/৩৩৭।
- [2] দাইলামী, আল-ফিরদাউস ১/১৭১।
- [3] কুরতুবী, তাফসীর ১২/২৮৬।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=4796

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন